

বিএসএমএমইউ-এর ইপনার উদ্যোগে অটিস্টিক শিশুদের কর্মজীবন নিয়ে আলোকচিত্র প্রদর্শনী

বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলীনি কান্ত ভট্টশালী গ্যালারীতে আজ বুধবার ৪ এপ্রিল ২০১৮ইং তারিখ বিকাল ৫টা ৩০ মিনিটে অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের যাপিত জীবনের বিশেষ বিশেষ মুহূর্তের (অটিস্টিক শিশুদের কর্মজীবন নিয়ে) বাংলাদেশে প্রথমবারের মতো ব্যতিক্রমধর্মী এক আলোকচিত্র প্রদর্শনীর প্রধান অতিথি হিসেবে শুভ উদ্বোধন করবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এমপি। ১১শ (একাদশ) বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০১৮ উপলক্ষে জাতীয় কর্মসূচীর অংশ হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব পেডিয়াট্রিক নিউরোলজিঅর্ডার এন্ড অটিজম (ইপনা)'র উদ্যোগে আয়োজিত এ আলোকচিত্র প্রদর্শনী চলবে ৭ এপ্রিল ২০১৮ইং পর্যন্ত। অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের যাপিত জীবনের বিশেষ বিশেষ মুহূর্তের ছবি নিয়ে আয়োজিত এই আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত সচিব জনাব ফয়েজ আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া। অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব পেডিয়াট্রিক নিউরোলজিঅর্ডার এন্ড অটিজম (ইপনা)-এর প্রকল্প পরিচালক অধ্যাপক ডা. শাহীন আখতার, সহযোগী অধ্যাপক সৈয়দা তাবাহুছুম আলম, সহযোগী অধ্যাপক ডা. গোপেন কুমার কুণ্ডু, সহযোগী অধ্যাপক ডা. কানিজ ফাতেমা, ইপনা-এর উপ-প্রকল্প পরিচালক মোহাম্মদ আব্দুল কাদেরসহ ইপনা-এর বিশেষজ্ঞ চিকিৎসকবৃন্দ, চিকিৎসকবৃন্দ, মনোবিজ্ঞানী, চাইল্ড সাইকোলজিস্ট, চাইল্ড ডেভেলপমেন্ট থেরাপিস্ট, অটিজম শিক্ষক, অটিস্টিক শিশু ও তাঁদের অভিভাবকবৃন্দ, সাংবাদিকসহ দেশের বিভিন্ন পর্যায়ের বিশিষ্টজনেরা উপস্থিত থাকবেন।